

## 📃 আয-যুখরুফ | Az-Zukhruf | اُلزُّخْرُف

আয়াতঃ ৪৩:8

💵 আরবি মূল আয়াত:

## وَ إِنَّهُ فِي أُمِّ الكِتبِ لَدَينَا لَعَلِيٌّ حَكِيمٌ ؟ ﴿ ٢﴾

## 🗚 অনুবাদসমূহ:

আর নিশ্চয় তা আমার কাছে উম্মুল কিতাবে সুউচ্চ মর্যাদাসম্পন্ন, প্রজ্ঞাপূর্ণ। — আল-বায়ান

আমার কাছে তা উম্মুল কিতাবে (লাওহে মাহফুজে) সংরক্ষিত আছে, আর তা হল অতি উচ্চ মর্যাদাসম্পন্ন জ্ঞান-বিজ্ঞানে পূর্ণ। — তাইসিরুল

এটা রয়েছে আমার নিকট উম্মুল কিতাবে; এটা মহান, জ্ঞানগর্ভ। — মুজিবুর রহমান

And indeed it is, in the Mother of the Book with Us, exalted and full of wisdom. — Sahih International

৪. আর নিশ্য তা আমাদের কাছে উম্মুল কিতাবে উচ্চ মর্যাদাসম্পন্ন, হিকমতপূর্ণ।

তাফসীরে জাকারিয়া

## (৪) নিশ্চয় এ আমার নিকট মূল গ্রন্থে (লাওহে মাহফূযে সুরক্ষিত) মহান, প্রজ্ঞাময়।[1]

[1] এখানে কুরআন কারীমের সেই মাহাত্ম্য ও মর্যাদা বর্ণিত হয়েছে, যা উর্ধ্ব জগতে (মহান আল্লাহর) নিকট রয়েছে। যাতে নিম্ন জগদ্বাসীরাও এর মর্যাদা ও মাহাত্ম্যের প্রতি খেয়াল রেখে প্রকৃতার্থে যেন তার প্রতি গুরুত্ব দেয় এবং তা থেকে হিদায়াতের সেই উদ্দেশ্য সাধন করে, যার জন্য তাকে দুনিয়াতে অবতীর্ণ করা হয়েছে। বলতে 'লাওহে মাহফুয'কে বুঝানো হয়েছে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4329

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন